

CA অফিসে নিম্ন প্রচারের পক্ষে
শ্রীমতী প্রতিদ্বন্দী প্রার্থী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসক, নেত্রকোণা
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরী

স্মারক নং- ০৫.৪৫.৭২০০.০০৫.৪০.০০১.২৩-০৭

তারিখঃ ১৮ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
০২ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

গণ-বিজ্ঞপ্তি

নির্বাচন কমিশন ঘোষিত তফসিল অনুযায়ী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নেত্রকোণা জেলাধীন ১০টি উপজেলার মোট ০৫টি সংসদীয় আসনের (১৫৭ নেত্রকোণা-১, ১৫৮ নেত্রকোণা-২, ১৫৯ নেত্রকোণা-৩, ১৬০ নেত্রকোণা-৪, ১৬১ নেত্রকোণা-৫) নির্বাচনে নির্বাচনি এলাকার সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৭ জানুয়ারি ২০২৪ খ্রিঃ/২৩ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ রোজ রবিবার সকাল ০৮.০০ ঘটিকা হতে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। গণ-প্রতিনিধিত্ব আদেশ ১৯৭২ এর অনুচ্ছেদ ৭৮ এর (১) উপ-অনুচ্ছেদ অনুযায়ী ভোট গ্রহণের পূর্ববর্তী ৪৮ ঘণ্টা, ভোটগ্রহণের দিন (০৭ জানুয়ারি ২০২৪ খ্রিঃ) এবং ভোটগ্রহণ সমাপ্তির পর পরবর্তী ৪৮ ঘণ্টা সময়ের মধ্যে উক্ত নির্বাচনি এলাকায় কোন প্রকার জনসভা আহ্বান, অনুষ্ঠান বা উহাতে যোগদান করিতে এবং কোনো ব্যক্তি কোনো মিছিল বা শোভাযাত্রা সংগঠিত করিতে বা ইহাতে যোগদান করিতে পারিবে না। বিধায় আগামী ০৫ জানুয়ারি ২০২৪ খ্রিঃ তারিখ সকাল ০৮.০০ ঘটিকা হতে ০৯ জানুয়ারি ২০২৪ তারিখ বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত সকল প্রকার নির্বাচনি প্রচারণা উদ্বেষিত নির্বাচনি এলাকায় এতদ্বারা বন্ধ ঘোষণা করা হলো।

২। এমতাবস্থায়, বর্ণিত সময়ে অর্থাৎ আগামী ০৫ জানুয়ারি ২০২৪ খ্রিঃ তারিখ সকাল ০৮.০০ ঘটিকা হতে ০৯ জানুয়ারি ২০২৪ তারিখ বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত সময়ে প্রতিদ্বন্দী প্রার্থীসহ সর্বসাধারণকে সকল প্রকার নির্বাচনি প্রচারণা বন্ধ রাখার জন্য অনুরোধ করা হলো।

২৩/১/২৪
(শাহেদ পারভেজ)
জেলা প্রশাসক, নেত্রকোণা
ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

স্মারক নং- ০৫.৪৫.৭২০০.০০৫.৪০.০০১.২৩-০৭

তারিখঃ ১৮ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
০২ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
৩. উপমহাপুলিশ পরিদর্শক, ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ
৪. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ
৫. পুলিশ সুপার, নেত্রকোণা
৬. উপসচিব, নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
৭. জেলা নির্বাচন অফিসার, নেত্রকোণা
৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল), নেত্রকোণা ও সহকারী রিটার্নিং অফিসার (তাকে বিষয়টি বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
৯. উপপরিচালক জেলা তথ্য অফিস, নেত্রকোণা (তাকে বিষয়টি বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
১০. অধিনায়ক, র্যাব-১৪, ময়মনসিংহ
১১. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ডিডিপি, নেত্রকোণা
১২. সহকারী সচিব, প্রশিক্ষণ ও সক্ষমতা শাখা, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
১৩. উপজেলা নির্বাচন অফিসার (সকল), নেত্রকোণা (তাকে বিষয়টি বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
১৪. অফিসার ইন-চার্জ, (সকল) থানা, নেত্রকোণা
১৫. জনাব....., সংসদীয় আসনের প্রতিদ্বন্দী প্রার্থী
১৬. নোটিশ বোর্ড
১৭. অফিস কপি

২৩/১/২৪
জেলা প্রশাসক, নেত্রকোণা
ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন